

প্রধান শিক্ষকের ৩১০ পদ শূন্য

তাৰিখ কুমাৰ ঘোষ, চাঁপাইনবাবগঞ্জ
২৬ অক্টোবৰ ২০২৫, ০৮:১১ এএম



জেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৭০৬টি। কিন্তু প্রধান শিক্ষক পদে কর্মরত আছেন ৩৯৬ জন। বাকি ৩১০টি পদই শূন্য রয়েছে। সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে ১৫৭টি। অনুমোদিত ৪ হাজার ১৫টি পদের বিপরীতে কর্মরত আছেন ৩ হাজার ৮৫৮ জন। এতগুলো পদ শূন্য থাকায় পাঠদানসহ দাপ্তরিক কার্যক্রম ব্যাহত হচ্ছে।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, দপ্তরি কাম প্রহরীর অনুমোদিত পদ রয়েছে ৩৬৩টি। কর্মরত আছেন ৩০৫ জন। ৫৮টি পদই শূন্য রয়েছে। এ ছাড়া সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের অনুমোদিত দুটি পদের দুটিতে জনবল আছে। অন্যদিকে সহকারী মনিটরিং অফিসার অনুমোদিত পদ একটি, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার অনুমোদিত পদ পাঁচটি। এই পদগুলোর মধ্যে একটি পদ শূন্য রয়েছে। সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের অনুমোদিত পদ হচ্ছে

২৮টি। এর মধ্যে কর্মরত আছেন ১৭ জন এবং পদ শূন্য আছে ১১টি। উচ্চমান সহকারীর অনুমোদিত চারটি পদের দুটিই শূন্য। শূন্য রয়েছে একমাত্র ক্যাশিয়ারের অনুমোদিত পদটিও। অফিস সহকারীর অনুমোদিত পদ হচ্ছে ৯টি, এর মধ্যে কর্মরত আছেন চারটিতে বাকি পাঁচটি পদই শূন্য। হিসাব সহকারীর অনুমোদিত পদ হচ্ছে পাঁচটি। কর্মরত আছেন একটিতে, চারটি পদই শূন্য। অফিস সহায়কের ৯টি পদের মধ্যে আটটিই শূন্য। গাড়িচালকের পদটিও শূন্য রয়েছে।

সম্প্রতি ঘোগদান করেছেন চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোদশমিক সাইফুল ইসলাম। তিনি বলেন, শূন্যপদে জনবল দেওয়ার জন্য উর্ধ্বর্তন কর্তৃপক্ষকে এরই মধ্যেই অবহিত করা হয়েছে। আমরা চেষ্টা করছি, যে জনবল আছে, তা দিয়েই প্রাথমিক শিক্ষাকে এগিয়ে নিতে। এ জন্য সবার সহযোগিতা চাই। তিনি আরও বলেন, আমি এসেই উপজেলা শিক্ষা অফিসারদের সঙ্গে মতবিনিময় করেছি, জেলার প্রাথমিক শিক্ষা সম্পর্কে একটি ধারণা পেয়েছি। তাতে দেখা গেছে, সবাই অত্যন্ত আন্তরিকতার সঙ্গে কাজ করছেন। জানা যায়, চাঁপাইনবাবগঞ্জ জেলার পাঁচটি উপজেলা এবং চারটি পৌরসভা ও ৪৫টি ইউনিয়নে ছাত্রছাত্রী ভর্তির হার ৯৮ দশমিক ০৬। এর মধ্যে বালক ৯৮ দশমিক ১২ ও বালিকা ৯৯ দশমিক ০৮ শতাংশ। ড্রপ আউট বা ঝরে পড়ার হার ৭ দশমিক ২৮ শতাংশ। প্রাথমিক শিক্ষাচক্র সমাপনীর হার ৯২ দশমিক ৮৪ শতাংশ।

উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা বালক ৬৯ হাজার ৮৬০ জন এবং বালিকা ৭৯ হাজার ৪৪৬ জনসহ মোট ১ লাখ ৪৯ হাজার ৩০৬ জন। চলতি অর্থবছরে উপবৃত্তি প্রদানের হার ৯২ শতাংশ এবং উপবৃত্তি প্রদানের পরিমাণ ১০ কোটি ২২ লাখ ৩২ হাজার ৬২৫ টাকা।